২৩/৪/২০০১

তারিখ ........................
পৃষ্ঠা ...৩... কলাম ...৭...

দৈনিক ইনকিলাব

ঢাঃবিঃ ক্যাম্পাসে সংহতি সমাবেশ

# বেসরকারীকরণ নীতির ফলে শিক্ষা কাঠামোর সর্বস্তরে ভয়াবহ সংকট দেখা দিয়েছে

প্রেস বিজ্ঞপ্তি ঃ শিক্ষা গবেষণা বাঁচানো এবং ছাত্র অধিকার বাস্তবায়নে আসন্ন বাজেটে বর্ধিত বরাদ্দের দাবীতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট পাবলিক বিশ্ববিদ্যালয় শাখাসমূহের উদ্যোগে ২১ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনে সংহতি সমাবেশ অনুষ্ঠিত হয়। দেশের সব কয়টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-অভিভাবক এবং ছাত্র প্রতিনিধিরা সমাবেশে বক্তব্য রাখেন। সভাপতিত্ব করেন সংগঠনের বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোশাররফ হোসেন এবং পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মাহমুদুর রহমান মামুন।

বক্তারা বলেন, শিক্ষাকে বেসরকারীকরণ নীতির ফলে শিক্ষা কাঠামোর সকল স্তরে ভয়াবহ সংকট দেখা দিয়েছে। জাতীয় বাজেটের ২৫ ভাগ শিক্ষা খাতে বরাদ্দের দাবী উপেক্ষা করে সরকার ক্রমাগত শিক্ষা খাতে বরাদ্দ কমিয়ে দিচ্ছে। সরকারের ক্রমবর্ধমান বাজেট ঘাটতির ধাক্কা প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্তরের পাশাপাশি উচ্চ শিক্ষাতেও লেগেছে। দেশের সব কয়টি বিশ্ববিদ্যালয় সরকারী বাজেট হ্রাসের কারণে ঘাটতিতে রয়েছে এবং এ ঘাটতির কবলে পড়ে বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম হারিয়ে যাওয়ার পাশাপাশি ছাত্র অধিকারও সংকুচিত হয়ে পড়েছে।